দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 12 MAR 2004
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬

# ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজে শুরু হয়েছে বিজ্ঞান মেলা

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল এ্যান্ড কলেজে শুরু হয়েছে প্রাণ ফ্রুটো ভিকারুননিসা নূন ত্রয়োদশ বিজ্ঞান উৎসব। এবারের বিজ্ঞান উৎসবে ঢাকা শহরের সেরা ১২ টি স্কুল এবং ১৩ টি কলেজের ৩৫০ টি বিজ্ঞান প্রকল্প অংশ নিচ্ছে। বিজ্ঞান মেলায় প্রদর্শনীর পাশাপাশি শিক্ষার্থীদের অধিকতর বিজ্ঞানমনস্ক হিসাবে গড়ে তোলার লক্ষ্যে বিজ্ঞান বিষয়ক সেমিনার, সাধারণ জ্ঞান ও কুইজ প্রতিযোগিতা, সায়েন্স ফিকশন, চলচিত্র প্রদর্শনী, রম্য বিতর্ক, সুডুকো, বিজ্ঞান অলিম্পিয়াড, গণিত অলিম্পিয়াড, ফিজিক্স অলিম্পিয়াড, অ্যাস্ট্রো অলিম্পিয়াড, কেমেস্ট্রি অলিম্পিয়াড ও মহাকাশ পর্যবেক্ষণ থাকছে। গতকাল অনুষ্ঠানের উদ্বোধন করেন স্থানীয় সংসদ সদস্য রাশেদ খান মেনন। অনুষ্ঠানে বিজ্ঞানী ড. মুহাম্মদ ইব্রাহীম, প্রতিষ্ঠানের গভর্নি বডির চেয়ারম্যান জিল্লার রহমান, প্রাণ আর এল গ্রুপের পরিচালক উজমা চৌধুরী, প্রতিষ্ঠানের অধ্যক্ষ রোকেয়া আক্তার বেগম প্রমুখ উপস্থিত ছিলেন। ১৪ মার্চ অনুষ্ঠিতব্য সমাপনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক।